

ভবিষ্যৎ পরিকল্পনা (প্রকল্প প্রস্তাব/ কর্মসূচী) :

- জনবল নিয়োগ ও দক্ষ জনবল তৈরি করে বিসিআইসি'র নিয়ন্ত্রিত সকল কারখানায় উৎপাদনশীলতা বৃদ্ধি।
- নতুন ও আধুনিক প্রযুক্তি সম্বলিত একটি নতুন ইউরিয়া ফর্মালডিহাইড-৮৫ (ইউএফ-৮৫) কারখানা স্থাপন।
- খুলনা নিউজপ্রিন্ট মিলস্ লি.(কেএনএম) ও খুলনা হার্ডবোর্ড মিলস্ লি. (কেএইচবিএম) প্রাঙ্গণে নতুন স্টার্চ ও **Active Pharmaceutical Ingredients (API) Complex** কারখানা স্থাপন।
- কর্ণফুলী পেপার মিলস্ লি. (কেপিএম) প্রাঙ্গণে বনায়নসহ পূর্ণাঙ্গ পেপার মিল ও অন্যান্য কেমিক্যাল প্ল্যান্ট স্থাপন।
- ঢাকা লেদার কোম্পানি লিমিটেডের প্রাঙ্গণে শক্তি সাশ্রয়ী ও পরিবেশবান্ধব প্রযুক্তির ইনার লাইনার সহ ওভেন পলি প্রোপিলিন (WPP) ব্যাগের একটি কারখানা স্থাপন।
- চিটাগাং কেমিক্যাল কমপ্লেক্স (সিসিসি) প্রাঙ্গণে ক্লোরো অ্যালকালি এবং ক্লোরিনের নিরাপদ/দক্ষ ব্যবস্থাপনা সহ ক্লোরিন সম্পর্কিত পলি ভিনাইল ক্লোরাইড (পিভিসি), ক্লোরিনেটেড প্যারাফিন ওয়াক্স (সিপিডব্লিউ), অ্যাক্টিভেটেড ব্লিচিং আর্থ (এবিই) প্ল্যান্ট, স্টেবল ব্লিচিং পাউডার সহ বেসিক কেমিক্যালস কারখানা স্থাপন।
- বাংলাদেশ ইনসুলেটর ও স্যানিটারীওয়্যার ফ্যাক্টরি লি. (বিআইএসএফ), মিরপুর, ঢাকা প্রাঙ্গণে নতুন অত্যাধুনিক, জ্বালানী সাশ্রয়ী, পরিবেশ বান্ধব ইনসুলেটর ও স্যানিটারীওয়্যার কারখানা স্থাপন।
- টিএসপি ও ডিএপি সার কারখানার উৎপাদন ক্ষমতা বৃদ্ধিকরণ।
- ভোলায় নতুন ইউরিয়া সার কারখানা স্থাপন প্রকল্পের উদ্যোগ গ্রহণ।
- বিসিআইসি-এর নিয়ন্ত্রণাধীন রাষ্ট্রায়ত্ত্ব বন্ধ ও অলাভজনক প্রতিষ্ঠানকে লাভজনক করার নিমিত্ত দেশি/বিদেশি বিনিয়োগে যৌথ অংশীদারিত্বে পরিচালনার প্রস্তাব পেলে আধুনিক প্রযুক্তির ব্যবহার এবং **Product Diversification** এর উদ্যোগ গ্রহণ।